# দেশে ২০ হাজার প্রাথমিক শিক্ষকের পদ খালি

।। আইয়ুব হোসেন ।।

খুলনা, ৫ই সেপ্টেম্বর—দেশে ৪০ হাজার ৬ শত ৩৪টি প্রাথমিক বিদ্যালয়ে ১৯ হাজার ৫ শত ৫৫ জন শিক্ষক-শিক্ষিকার পদ খালি রহিয়াছে। এই সকল বিদ্যালয়ে ৮২ লক্ষ ২৭ হাজার ৯৪০ জন ছাত্র-ছাত্রী লেখাপড়া করিতেছে। এ হিসাব ১৯৭৮-৭৯ সালের। ১৯৭৯-৮০ সালে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকার পদ আরও খালি হইয়াছে বলিয়া জানা গিয়াছে। তবে গত দুই বছর শূন্যপদে তেমন সংখ্যক শিক্ষক শিক্ষিকা নিয়োগ করা হয় নাই বলিয়া অভিযোগে প্রকাশ। উল্লেখ্য, প্রতি ৪০ জন ছাত্রছাত্রীর জন্য ১ জন শিক্ষক থাকার সরকারী বিধি রহিয়াছে।

শিক্ষা বিভাগের এক পরিসংখ্যানে জানা যায়, মোট ছাত্র ছাত্রীর মধ্যে প্রথম শ্রেণীতে ৩৪ লক্ষ ৩ শত ২৭ জন, দ্বিতীয় শ্রেণীতে ১৭ লক্ষ ৫৩ হাজার ৯ শত ৭২ জন, তৃতীয় শ্রেণীতে ১৩ লক্ষ ২ হাজার ১ শত ৩২ জন, চতুর্থ শ্রেণীতে ৯ লক্ষ ৯৯ হাজার ২ শত ৭ জন এবং পঞ্চম শ্রেণীতে ৭ লক্ষ ৭২ হাজার ৩ শত ১২ জন ছাত্র ছাত্রী লেখাপড়া করিতেছে। তবে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে ভর্তি হওয়ার পর প্রতি বছর ছাত্র-ছাত্রীর সংখ্যা পঞ্চম শ্রেণীতে আসিয়া ৫ ভাগের ১ ভাগে দাঁড়ায়।

পরিসংখ্যানে দেখা যায় দেশে মোট ১ লক্ষ ৮৬ হাজার ১৪৪ জন প্রাথমিক শিক্ষক শিক্ষিকার মধ্যে ১ লক্ষ ৭১ হাজার ৭৩৫ জন পুরুষ এবং মাত্র ১৪ হাজার ৪০৯ জন মহিলা। ইহার মধ্যে আবার ১ লক্ষ ৫৪ হাজার ২৭৭ জন সরকারী এবং ৩১ হাজার ৮৬৭ জন বেসরকারী শিক্ষক-শিক্ষয়িত্রী। শিক্ষক-শিক্ষয়িত্রীর মধ্যে সরকারী শিক্ষক [illegible]ছেন ১ লক্ষ ৪২ হাজার [illegible] জন এবং বেসরকারী শি[illegible] রহিয়াছেন ২৯ হাজার [illegible] জন এবং

(৫ম পৃঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষকের পদ খালি

(৩য় পৃঃ পর)

সরকারী শিক্ষয়িত্রী রহিয়াছেন ১১ হাজার ৯২৪ জন ও বেসরকারী শিক্ষয়িত্রী রহিয়াছেন ২ হাজার ৪৮৫ জন।

দেশে মোট প্রাথমিক বিদ্যালয়ের ৩৬ হাজার ১৪২টি সরকার এবং ৭ হাজার ৪৯২টি বেসরকারী বিদ্যালয়। ইহার মধ্যে ছেলে-মেয়ে উভয়ের জন্য সরকারী প্রাথমিক বিদ্যালয় হইল ৩৫ হাজার ৮৯৮টি এবং বেসরকারী বিদ্যালয়ের সংখ্যা হইল ৭ হাজার ৪৯২টি। সরকারী বালিকা প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা হইল মাত্র ২৪৪টি, কোন বেসরকারী বালিকা প্রাথমিক বিদ্যালয় নাই।

গত দুই বছর দেশের বিভিন্ন প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র হইতে বহু লোক শিক্ষক প্রশিক্ষণ প্রাপ্ত হইয়া বসিয়া রহিয়াছেন। কিন্তু শিক্ষকতা করার জন্য প্যানেলভুক্ত হওয়ার সুযোগ তাহারা এখনও পান [illegible] বলিয়া অভিযোগে প্রকা[illegible]